গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
জেলা সমবায় কার্যালয়
বান্দরবান পার্বত্য জেলা।
www.cooperative.bandarban.gov.bd

“বঙ্গবন্ধুর দর্শন, সমবায়ে উন্নয়ন”

**সূত্রঃ ১৩১৮** **তারিখঃ ২৬/১২/২০২২খ্রি.**

**বিষয়ঃ জেলা সমবায় কার্যালয়, বান্দরবানের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর, ২২- ডিসেম্বর, ২২) পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের আলোকে আপনার সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য জানানো যাচ্ছে যে, জেলা সমবায় কার্যালয়, বান্দরবানের সেবা প্রদান প্রতিশ্রুতি কর্মপরিকল্পনার ২য় ত্রৈমাসিক (অক্টোবর, ২২- ডিসেম্বর, ২২) পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রতিবেদন নিম্নমতে প্রেরণ করা হলো।

| ক্র. নং | সেবার নাম | সেবা প্রদান পদ্ধতি | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|---|
| ১ | প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রক্রিয়ায় সহযোগিতা প্রদান। | ১. নিবন্ধন আবেদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা গ্রহণ।<br>২. প্রত্যেক সদস্যের কমপক্ষে একটি শেয়ার ও একটি শেয়ারের সমপরিমাণ সঞ্চয় সমিতিতে জমা প্রদান।<br>৩. সদস্য বহিতে সদস্যগনের নাম লেখা ও স্বাক্ষর গ্রহণ, জমা-খরচ বহি, শেয়ার ও খতিয়ান, সাধারণ খতিয়ানে শেয়ার, সঞ্চয়, ভর্তি ফি, অন্যান্য আয়-ব্যয় লেখা।<br>৪. আবেদনকারীগণ কর্তৃক (কমপক্ষে ২০ জন) সাংগঠনিক সভাকরণ, সভায় সমিতির নাম, সভ্য নির্বাচন এলাকা ও কর্ম এলাকা নির্ধারণ, অনুমোদিত শেয়ারের পরিমাণ নির্ধারণ, কমিটির সদস্য সংখ্যা (৬/৯/১২) নির্ধারণ, আবেদনপত্র দাখিল ও অন্যান্য কাজে অফিসের সাথে যোগাযোগের জন্য তিনজন সদস্যকে ক্ষমতা প্রদান করতে হবে।<br>৫. সাংগঠনিক সভায় সমিতির জন্য প্রযোজ্য ( উপ- আইন অনুমোদন, আয়-ব্যয় বা জমা-খরচ হিসাব অনুমোদন, পরবর্তী দুই বছরের বার্ষিক বাজেট অনুমোদন।<br>৬. স্থানীয় মেয়র/ইউপি চেয়ারম্যান কর্তৃক প্রদত্ত অফিস ঘর ভাড়া সংক্রান্ত প্রত্যয়ন।<br>৭.সকল সদস্যের (কমপক্ষে ২০ জন) স্বাক্ষরিত আবেদনপত্র পূরণ করে দাখিল করা। আবেদনে সংগঠক ও ক্ষমতাপ্রাপ্তদের নাম স্বাক্ষর থাকতে হবে।<br>৮. নিবন্ধন ফি ৩০০ টাকা এবং ভ্যাট ১৫% চালানের মাধ্যমে জমা প্রদান।<br>৯. চেক লিস্ট মোতাবেক কাগজপত্র সংযুক্ত করা।<br>১০.উপজেলা সমবায় অফিসে দাখিল। | ১। ছাইংগ্যা কৃষি কল্যাণ সমবায় সমিতি লিঃ<br>২। লামা উপজেলা মাতামুহুরী হাইচ নোহা মাইক্রো কার চালক সমবায় সমিতি লিঃ<br>৩। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লিঃ লামা।<br>৪। বঙ্গামাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব মহিলা সমবায় সমিতি লিঃ বান্দরবান সদর।<br>৫। ফাঁসিয়াখালী সিএনজি ও মাহিন্দ্র মালিক সমবায় সমিতি লিঃ<br>৬। রোয়াংছড়ি উপজেলা কাঠ ব্যবসায়ী সমবায় সমিতি লিঃ |

| | | | |
|---|---|---|---|
| | | প্রাথমিক সমবায় সমিতি নিবন্ধনের ক্ষেত্রে ১৮ (আঠার) বছর বয়সের উর্ধ্বে কমপক্ষে ২০ (বিশ) জন সাধারণ জনগণের আবেদন এবং সমবায় সমিতি নিবন্ধন নীতিমালা ২০১৩ অনুযায়ী উপজেলা/থানা সমবায় অফিসে দাখিলের পর উক্ত আবেদনপত্র উপজেলা সমবায় অফিসার নিজে অথবা সহকারী পরিদর্শক দ্বারা সরেজমিনে যাচাই শেষে উপজেলা/থানা সমবায় অফিসার যদি এই মর্মে সন্তুষ্ট হন যে দাখিলকৃত কাগজপত্র সঠিক আছে তবে তিনি আবেদনকারীর রেকর্ডপত্র সুপারিশসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করেন। নিবন্ধনের বিষয়ে নিবন্ধক আবেদন প্রাপ্তির ৬০ (ষাট) দিনের মধ্যে উপ-আইনসহ যাবতীয় রেকর্ডপত্র নিবন্ধন প্রদান করে সনদ ইস্যু করেন এবং এক প্রস্থ নিবন্ধন সনদ ও এক কপি নিবন্ধিত উপ-আইন আবেদনকারীকে দিবেন।<br>১১. সমবায় সমিতি নিবন্ধন আবেদন প্রত্যাখ্যাত হলে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর পুনর্বিবেচনার জন্য ৩০ (তিশ) দিনের মধ্যে...ধারা ১০ | ৭। আজিজনগর মোটর বাইক মালিক সমবায় সমিতি লিঃ<br>৮। ফাইতং অটোবাইক টমটম মালিক সমবায় সমিতি লিঃ |
| ২ | প্রাথমিক সমবায় সমিতির উপ-আইন সংশোধনে সহযোগিতা প্রদান। | ১. উপ আইনের সংশোধনযোগ্য অনুচ্ছেদ বা বিধান চিহ্নিতকরণ।<br>২. ব্যবস্থাপনা কমিটির সভায় অনুচ্ছেদ/অনুচ্ছেদসমূহ সংশোধনের প্রস্তাব অনুমোদন।<br>৩. উপ আইন সংশোধনের উদ্দেশ্যে আহুত সংখ্যা গরিষ্ট সদস্যের উপস্থিতিতে অনুষ্ঠিত সাধারন সভায় উপস্থিত সদস্যের দুই তৃতীয়াংশ সদস্যের ভোটে অনুমোদন।<br>৪. বিধি ৯(২) এর ফরম-৪ অনুযায়ী আবেদন।<br>৫. বিদ্যমান প্রতিস্থাপনযোগ্য এবং প্রস্তাবিত (নতুন) বিধানসমূহের তুলনামূলক বিবরণী।<br>৬. সংশোধনের যোক্তিকতা ও প্রয়োজনীয় ব্যাখ্যা।<br>৭. বাতিলযোগ্য উপ আইনের কপি সম্পূর্ণ।<br>৮. প্রতিস্থাপনযোগ্য নতুন উপ আইন তিন কপি।<br>৯. সর্বশেষ অডিট প্রতিবেদনের কপি।<br>১০. ব্যবস্থাপনা কমিটির রেজুলেশন।<br>১২. নির্ধারিত ফর্মে আবেদন দাখিল।<br>ব্যবস্থপনা কমিটির তিনজনের স্বাক্ষরে আবেদন সমবায় সমিতি আইন ও বিধিমালা অনুযায়ী সংশ্লিষ্ট কাগজপত্রসহ উপজেলা সমবায় অফিসে দাখিল করার পরে উপজেলা সমবায় অফিসার দাখিলকৃত রেকর্ডপত্র পর্যালোচনা করে তার মন্তব্যসহ জেলা সমবায় অফিসার বরাবর প্রেরণ করেন। আবেদন প্রাপ্তির পর জেলা সমবায় অফিসারের বিবেচনায় সমিতির উপ আইন সংশোধনযোগ্য হলে উপ আইন সংশোধন নিবন্ধন করে সংশোধিত উপ আইন এবং নিবন্ধন সনদ আবেদনকারীর নিকট প্রেরন করেন। | ১। বান্দরবান লোকাল ট্রাক মিনি ট্রাক মালিক সমবায় সমিতি লিঃ |
| ৩ | সমিতির বার্ষিক বাজেট অনুমোদন গ্রহণে সহায়তা প্রদান। | ১. সমিতির ব্যবস্থাপনা কমিটি কর্তৃক বাজেট প্রস্তুত ও প্রাক্কলন প্রণয়নের জন্য ব্যবস্থাপনা কমিটির একজন সদস্যকে প্রধান করে ( কমপক্ষে ৩ সদস্য বিশিষ্ট) একটি বাজেট প্রনয়ণ কমিটি গঠন করা।<br>২. গঠিত কমিটি সমিতির চলতি বছরের প্রকৃত আয়-ব্যয়ের ভিত্তিতে পরবর্তী বছরের জন্য একটি পাক্কলন প্রস্তুত করা।<br>৩. প্রস্তুতকৃত বাজেট কমিটির সকল সদস্য স্বাক্ষর করে ব্যবস্থাপনা কমিটির সভাপতি বরাবর উপস্থাপন করা।<br>৪. বাজেট কমিটি কর্তৃক প্রস্তুতকৃত বাজেট সমিতির ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন ও অনুমোদন গ্রহণ(খাতওয়ারী ব্যয়, বরাদ্দ প্রস্তাবের যৌক্তিকতা, বিস্তারিত ব্যয় বিভাজন ও প্রমাণসহ)। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |

| | | | |
|---|---|---|---|
| | | ৫. ব্যবস্থাপনা কমিটির সভায় অনুমোদিত বাজেট সমিতির বার্ষিক সাধারণ সভায়( ক্ষেত্রমত সাধারণ সভায়) উপস্থাপন ও অনুমোদন গ্রহণ।<br>৬. যে সকল সমবায় সমিতিতে সরকারের শেয়ার, ঋণ ও গ্যারান্টি আছে সে সকল সমবায় সমিতির বার্ষিক বাজেট সাধারণ সভায় অনুমোদনের পর নিবন্ধক এর নিকট হতে অনুমোদন গ্রহণের জন্য দাখিল করা।<br>৭. বাজেট প্রস্তাব ছক মোতাবেক প্রস্তুত করতে হবে। ছকে বিগত বছরের অনুমোদন চলতি বছরে ১ম ৯ মাসের প্রকৃত ব্যয়, পরবর্তী বছরের প্রস্তাব সংক্রান্ত তথ্য থাকবে।<br><br>বাজেট সাধারণত নিম্নলিখিত পদ্ধতিতে অনুমোদন করা হয়:<br>কেন্দ্রীয় সমবায় সমিতি বাজেট-<br>সমিতির প্রস্তাবিত বাজেট অনুমোদনের আবেদন প্রাপ্তির পর প্রস্তাবিত বাজেট যাচাই বাছাই শেষে যৌক্তিক বাজেট অনুমোদন করে অনুমোদিত বাজেটের কপি সমিতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | |
| ৪ | বিনিয়োগ প্রস্তাব/ প্রকল্প প্রস্তাব/ক্রয় প্রস্তাব অনুমোদন গ্রহনে সহযো্গিতা প্রদান | নিম্নবর্ণিত ক্ষেত্রে নিবন্ধকের অনুমোদনের জন্য<br>১.বিনিয়োগ প্রস্তাব, ক্রয় প্রস্তাব বা প্রকল্প প্রস্তাব তৈরী করা<br>২.প্রস্তাব প্রাক্কলন তৈরীতে সংশ্লিষ্ট বিষয়ে বিশেষজ্ঞ এর অনুমোদন গ্রহণ<br>৩.বিনিয়োগ /প্রকল্প এলাকায় ভবন নির্মাণের ক্ষেত্রে পৌরসভা. এবং পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র/ সম্মতি গ্রহণ।<br>৪. এ খাতে বাজেটের অর্থসংস্থান সংক্রান্ত কাগজ সংগ্রহ।<br>৫.উপযুক্ত প্রকৌশেলীর দ্বারা স্থাপত্য নকশা তৈরী।<br>৬.জমির মালিকানা সংক্রান্ত দলিলাদি সংগ্রহ।<br>কোন সমিতি যদি সরকারী শেয়ার,ঋণ বা ঋণ পরিশোধের গ্যারনিট থাকে তবে বার্ষিক বাজেট অনুমোদন করার পরও জাতীয় সমবায় সমিতির ক্ষেত্রে একক খাতে ১০ লক্ষ টাকা বিনিয়োগ, ১০লক্ষ টাকার বেশী যন্ত্রপাতি উপকরণ বা যানবাহন ক্রয় বা কোন উন্নয়ন প্রকল্প বাস্তবায়নের পূর্বে নিবন্ধকের অনুমোদন গ্রহন করতে হয়। সরকারী ক্রয় নীতিমালা অনুসরণ পূর্বক ক্রয় / নির্মাণ কাজ সম্পাদন করতে হয়। আবেদন পাওয়ার পর প্রস্তাবিত প্রকল্প /বিনিয়োগ যাচাই বাছাই পূর্বক অনুমোদন করে অনুমোদিত কপি সমিতি কর্তৃপক্ষের নিকট প্রেরণ করা হয়। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ৫ | নির্বাচন কমিটি নিয়োগে সহযোগিতা প্রদান | ১. বিদ্যমান ব্যবস্থাপনা কমিটি তার মেয়াদের শেষিদিন চিহ্নিতকরণ (কমিটি যে তারিখে ১ম সভা করেছে তিন বছর পর ও তারিখের আগের দিন মেয়াদের শেষ দিন হবে।<br>২.মেয়াদ শেষ হওয়ার আগেই নির্বাচন অনুষ্টানের তারিখ ধার্য করণ। তারিখে অবশ্যই নিজ মেয়াদের মধ্যে হবে।<br>৩. বিদ্যমান সদস্য তালিকার ভিতিতে খসড়া ভোটার তালিকা প্রণয়ন ও প্রকাশ।<br>৪. ধার্য তারিখ কমপক্ষে ৬০দিন আগে নোটিশ জারীকরণ।<br>৫, নোটিশের কপি সকল সদস্যকে প্রাপ্তি নিশ্চিতকরণ,সা্টির্ফিকেট অব পোষ্টিং বা রেজিষ্ট্রি ডাক,/রেজিষ্টারে প্রাপ্তি স্বাক্ষর, পত্রিকায় বিজ্ঞপ্তি মারফত।<br>৬. ৬০দিন পূর্বে নোটিশের কপি সংশ্লিষ্ট সমবায় অফিসে দাখিল।(নোটিশের সাথে খসড়া তালিকাসহ উপরিউক্ত সিদ্ধান্তসমুহ ব্যবস্থাপনা কমিটির রেজুলেশনসহ সংযুক্ত)<br>৭.ব্যাপক প্রচার করতে হবে। | ১। একতা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ<br>২। আলেক্ষ্যং অপরাজিতা কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়ন লিঃ<br>৩। বান্দরবান লোকাল ট্রাক-মিনিট্রাক মালিক সমবায় সমিতি লিঃ<br>৪। মিউচুয়েল ডেপলপমেন্ট |

| | | | |
|---|---|---|---|
| | | ৮. নির্বাচন কমিটি নিয়োগের জন্য নির্বাচনে ঘোষিত তারিখে কমপক্ষে ৫০দিন পুর্বে জেলা সমবায় অফিসার বরাবর আবেদন দাখিল।<br>৯. নিবন্ধক কর্তৃক ৪০দিন পূর্বে নির্বাচন কমিটি নিয়োগ, দাখিলকৃত আবেদনপত্র কতৃপক্ষ যাচাইবাছাই পূর্বক নির্বাচন অনুষ্ঠানের কমপক্ষে ৪০দিন পূর্বে নির্বাচন কমিটি গঠনের আদেশ জারি করেন। | কো-অপারেটিভ সোসাইটি লিঃ |
| ৬ | অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি | ১. ব্যবস্থাপনা কমিটি কর্তৃক নিজের মেয়াদ গণনা করা।<br>২.মেয়াদের মধ্যে নির্বাচনের ব্যবস্থা গ্রহণ করতে ব্যর্থ হলে মেয়াদ পূর্তির আগেই অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের জন্য আবেদন করা।<br>৩.সাধারণ সভার কমিটি ভেঙ্গে দেওয়া হলে এবং<br>৪. কমিটির সকল সদস্য এক সাথে পদত্যাগ করলে তবে ভেঙ্গে যাওয়া কমিটির সভাপতির আবেদন করা ।<br>সমবায় সমিতির আইন অনুযায়ী প্রতিটি সমবায় সমিতির নির্বাচিত ব্যবস্থাপনা কমিটির মেয়াদ ০৩ বছর নিবন্ধন কালিন নিয়োগকৃত ব্যবস্থাপনা কমিটর মেয়াদ ০২ বছর এবং অন্যান্য কমিটির মেয়াদ ১২০ দিন। ফলে মেয়াদ পূর্তির পুর্বে নির্বাচনের মাধ্যমে ব্যবস্থাপনা কমিটি গঠনের পদক্ষেপ গ্রহন করতে হয় কিন্তু ব্যবস্থাপনা কমিটি তার মেযাদকালের মধ্যে নির্বাচন অনুষ্টান করতে না পারলে ব্যবস্থাপনায় শূন্যতার সুষ্টি হয়। ব্যস্থাপনায় শূন্যতার সৃষ্টির আগেই অন্তবর্তী ব্যবস্থাপনা কমিটি গঠনের অনুরোধ করে জেলা সমবায় অফিসার বরাবর আবেদন দিতে হয়। আবেদন পাওয়া গেলে অথবা না পাওয়া গেলে সমিতির মেয়াদ পূর্তির পর সমিতির ব্যবস্থাপনা পরিচালনার জন্য ১২০ দিনের একটি অন্তবর্তী ব্যবস্থাপনা গঠন করা হয়। | ১। বান্দরবান লোকাল ট্রাক-মিনিট্রাক মালিক সমবায় সমিতি লিঃ<br>২। মাতামুহুরী নৌকা ও ইঞ্জিন চালিত স্পীড বোট মালিক ও চালক সমবায় সমিতি লিঃ<br>৩। বংডঃ কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নি লিঃ<br>৪। সম্প্রীতি কো-অপারেটিভ ক্রেডিট ইউনিয়নি লিঃ |
| ৭ | বিরোধ মামলা ও আপীল নিষ্পত্তি | যে যে ক্ষেত্রে সমবায় অফিসে বিরোধ মামলা আপীল করা যাবে।<br>১. প্রাথমিক সমিতির সদস্যপদ বহাল বা বাতিল সংক্রান্ত ব্যবস্থাপনা কমিটির আদেশের বিরুদ্ধে জেলা সমবায় অফিসার বরাবর আপীল বিধি ১০/ধারা ৫০<br>২.ভোটার তালিকায় নাম অন্তভুক্তি বা বাতিল বিষয়ে ব্যবস্থাপনা কমিটি সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল বিধি ৩০(৫)<br>৩.নির্বাচনে প্রার্থীতা বাতিল বা বহাল রাখার বিষয়ে নির্বাচন কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে আপীল –তফসীল মোতাবেক বিধি-২৯ধারার ৫০/১(৪)<br>৪. নির্বাচন অনুষ্টানের পরে নির্বাচনের ফলাফলে সংক্ষুদ্ধ প্রার্থি ফলাফল প্রকাশের ৩০দিনের মধ্যে ধারা ৫০/১(ঙ)<br>৫.বিরোধ মামলা আপীল মামলা সাদা কাগজে বা ননজুড়িশিয়াল ষ্ট্যাম্পে ১০০টাকার কোট ফি যুক্ত করে নিবন্ধক ও মহাপরিচালক বরাবর বাদীর নাম ,বিবাদীর নাম,ও মামলার দফাওয়ারী আরজি, আবেদনকারীর স্বাক্ষর করে জমা প্রদান। জেলা সমবায় অফিসার মামলাটি গ্রহণ করে নিজে শুনানীর জন্য গ্রহন করবেন অথবা সালিশকারী নিয়োগ করবেন । এ বিরোধ মামলায় আইনজীবি নিয়োগ নিষিদ্ধ। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ৮ | অভিয়োগ প্রতিকারে সহয়োগিতা প্রদান | ১. সাদা কাগজে অভিযোগ পত্র।<br>২.অভিযোগ পত্রে স্বাক্ষর ও তারিখ<br>৩.নিবন্ধক বরাবর দাখিল।<br>৪.অডিট প্রতিবেদনে গুরুত্বপূর্ণ অনিয়ম ও আইন লংঘনের বিষয় উল্লেখ থাকলে সে প্রতিবেদনের রেফারেন্স ব্যবহার করে আবেদন করতে পারবে। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |

| | | | |
|---|---|---|---|
| | | ৫. সমিতি যদি কোন অর্থ সরবরাহকারী সংস্থার সদস্য হয় তবে এর অর্থ সরবরাহকারী সংস্থাপর লিখিত অভিযোগ এর প্রেক্ষিতে<br>৬.মাঠ পর্য্যায়ের কোন কর্মকর্তা তদন্তের সুপারিশের প্রেক্ষিতে।<br>অভিযোগ প্রাপ্তির পর নিবন্ধক কতৃক ধারা ৪৯ মোতাবেক তদন্তের আদেশ দেওয়া হয় বা তদন্ত কর্মকর্তা নিয়োগ দেওয়া হয় বা প্রা্প্ত তদন্তের ভিত্তিতে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়।<br>সমিতির কার্যক্রম ব্যতীত অন্যান্য বিষয়ের যে কোন ব্যক্তি সাদা কাগজে লিখিত ভাবে জনাব জেলা সমবায় অফিসার, বান্দরবান পার্বত্য জেলা বরারব অভিযোগ করতে পারবে। | |
| ৯ | অবসায়ন প্রদান | ১. অবসায়নের উদ্ধেশ্যে বিশেষ সাধারণ সভা আহবানের ১৫দিন পূর্বে নোটিশ দিয়ে, নোটিশে আলোচ্য সূচিতে অবসায়নের সিদ্ধান্ত গ্রহনের বিষয়টি উল্লেখ থাকবে।<br>২. সভায় উপস্থিত তিন চতুর্থাংশ সদস্যের মতে সমিতির অবসায়নের সিদ্ধান্ত গ্রহন<br>৩. সাধাপরন সভার সিদ্ধান্তের উল্লেখ করে সাদা কাগজে অবসায়নে আবেদন।<br>৪. নিবন্ধক সমিতির কার্যক্রম গুটানোর জন্য অবসায়নের আদেশ দেবেন এবং একজন অবসায়ক নিয়োগ করবেন।<br>এ ছাড়াও নিম্নলিখিত ক্ষেত্রে নিবন্ধক নিজ উদ্দেগ্যে অবসায়ন আদেশ দিতে পারেন-<br>১.সমবায় সমিতির নিরীক্ষা প্রতিবেদন ৪৯ ধারার অধীন অনুষ্ঠিত তদন্ত প্রতিবেদনের ভিত্তিতে<br>২. সমিতির পর পর ০৩টি বার্ষিক সাধারণ সভায় যদি কোরাম না হয়<br>৩.সমিতি নিবন্ধিত হওয়া সত্তেও যদি বিধি দ্বারা নিধারিত সময়ের মধ্যে উহার কার্যক্রম শুরু না করে<br>৪. সমিতির কার্যক্রম বিগত ০১ বছর যাবৎ বন্ধ থাকে<br>৫.পরিশোধিত শেয়ার মূলধন বা সঞ্চয় আমানত বৃদ্ধি দ্বারা নিধারিত পরিমাণ( সাধারন নিবন্ধের জন্য প্রয়োজনীয় ,বর্তমানে এ পরিমান ২০.,০০০/-)টাকা এর কম হয়ে যায়<br>৬. এই আইন বিধিমালা বা উপ-আইনে উল্লেখিত নিবসন্ধ সংক্রান্ত কোন শর্ত ভঙ্গ করা হয় ।<br>আবেদন পাওয়া গেলে বা প্রযোজ্য ক্ষ্যত্রে স্ব উদ্যোগে সমিতির কার্যক্রম গুটানোর জন্য অবসায়ন আদেশ দেওয়া হয় বা অবসায়ক নিযোগ করা হয় ।<br>অবসায়কের প্রতিবেদনের ভিত্তিতে সমিতির নিবন্ধন বাতিল করা হয়। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১০ | সমবায় সমিতির লভ্যাংশ বিতরনের অনুমতি প্রদান | প্রাথমিক সমবায় সমিতি পরিশোধিত শেয়ারের ৭৫% পরিমাণ অর্থং অবন্টিত তহবিল হতে লভ্যাংশ হিসাবে সদস্যের মাঝে বিতরণ করতে পারবে যদি অবন্টিত লাভ বেশী থাকে এবং সমিতি যদি ৭৫% এর বেশী বন্টন করতে চায় তবে নিবন্ধক এর পূর্নমতি গ্রহণ করতে হবে।<br>১.ব্যবস্থাপনা কমিটি অডিট প্রতিবেদনের ভিত্তিতে অবন্টিপত লাভ থেকে কি পরিমাণ লাভ বন্টন করা যায় তা নির্ধারণ।<br>২. সাধারণ সভা আহবান (১৫দিনের নোটিশ দিয়ে)<br>৩.ব্যবস্থাপনা কমিটির সুপারিশের ভিত্তিতে মুনাফার অনুমোদন গ্রহণ।<br>৪.বন্টনযোগ্য লাভ যদি পরিশোধিত শেয়ারের ৭৫% বেশী হয় তবে<br>৫.সাদা কাগজে নিবন্ধকের বরাবর আবেদন দাখিল। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১১ | সমবায় | ১. সমিতির ব্যবস্থাপনা কমিটিতে সিদ্ধান্ত গ্রহণ | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন |

| | | | |
|---|---|---|---|
| | সমিতির নিরীক্ষা ফি মওকুফকরণ | ২.সাদা কাগজে আবেদন দাখিল<br>৩.আবদনে মওকুফের যুক্তিযুক্ত কারণ উল্লেখকরণ | আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১২ | বাষিক অডিট বরাদ্দ প্রদান | প্রাথমিক সমবায় সমিতির সভাপতি .সম্পাদক বা নিবার্হী কমকর্তার আবেদনের প্রেক্ষিতে নিবন্ধক কতৃক একজন কর্মকর্তা বা কর্মচারীর নামে অডিট বরাদ্দ প্রদান করা হয়। তাছাড়া প্রতি সমবায় বর্ষে বার্ষিক অডিট নিবন্ধক নিজ উদ্যেগে বরাদ্ধ প্রদান করেন। | ৮টি কেন্দ্রীয় এবং ৪২৬টি প্রাথমিক সমবায় সমিতির অডিট বরাদ্ধ প্রদান করা হয়েছে। |
| ১৩ | অডিট ফি জমা করণ | ১.অডিট অফিসার কর্তৃক অডিট সম্পাদন<br>২. অডিট প্রতিবেদন সংগ্রহ<br>৩. অডিট নোটের ভিত্তিতে অডিট ফি ও অডিট সেস ও সিডিএফ নিধারন<br>৪. বিধি ১০৭ মোতাবেক অফিস থেকে নিধারন করা হয়ে থাকে।<br>৫.অড্টি ফি ও সিডিএফ ট্রেজারী চালানের মাধ্যমে ব্যাংকে জমা প্রদান<br>৬.ট্রেজারী চালানের কপি উপজেলা সমবায় অফিসে জমা প্রদান<br>৭.সিডিএফ এর টাকা ডিডি আকারে বা অনলাইনে ব্যা্ংক হিসাব নং এ জমা করণ | অডিট ফি শতভাগ জমা করা হয়েছে। |
| ১৪ | সিডিএফ জমা গ্রহণ | ১.অডিট অফিসার কর্তৃক বার্ষিক অডিট সম্পাদন<br>২. অডিট প্রতিবেদন সংগ্রহ<br>৩. অডিট নোটের ভিত্তিতে সিডিএফ নিধারন<br>৪.ধারা-৩৪(১)(গ) মোতাবেক নীট লাভের ৩%অফিস থেকে নিধারন করা হয়ে থাকে।<br>৫. সিডিএফ এর টাকা ডিডি আকারে বাঅনলাইনে ব্যাংক হিসাব নং এর জমা প্রদান<br>৬.কো-অপারেটিভ ডেভেলপম্যানট ফান্ড (সঞ্চয়ী) ০১০০০১৫৫৫৭৫৭০<br>৭.৬.কো-অপারেটিভ ডেভেলপম্যানট ফান্ড (সঞ্চয়ী)০১০০০১৫২৮৭৮৩১ | সমবায় উন্নয়ন তহবিল শতভাগ জমা করা হয়েছে। |
| ১৫ | তথ্য অধিকার আইন ২০০৯ অনুয়ায়ী তথ্য প্রদান | সেবা প্রত্যশীগণের নিকট হতে লিখিত বা ইলেক্ট্রনিক মাধ্যমে বা ইমেইলে সুনিদিষ্ট তথ্য চেয়ে আবেদন প্রাপ্তির পর যাচিত তথ্য সংরক্ষিত থাকলে আঙ্খাখিত মাধ্যমে প্রদান করা যায় তবে ইপ্সিত তথ্য অধীনস্থ কার্যালয় সংশ্লিষ্ট হলে সংশিষ্ট কার্যালয় হতে সংগ্রহ পূর্বক প্রদান করা যায়। | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |
| ১৭ | পাসপোর্টের জন্য এনওসি প্রদান | নিধারিত ফরম পূরণ পূর্বক নিয়ন্ত্রনকারী কতৃপক্ষের নিকট দাখিল | এ সংক্রান্ত ১ম ত্রৈমাসে কোন আবেদন না আসায় কোন কার্যক্রম গ্রহণ করা হয়নি। |

২৬/১২/২০২২
(ফাতেমা বেগম)

যুগ্ম নিবন্ধক

বিভাগীয় সমবায় দপ্তর
চট্টগ্রাম বিভাগ, চট্টগ্রাম।

জেলা সমবায় অফিসার
বান্দরবান পার্বত্য জেলা